



মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।



ফোন নং-০৭৯১-৬২৪১১, ৬২২৫৮, ই-মেইল: gmpbs@gmail.com, Web:http://:pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২৩. ৫৫৪৩

তারিখ: ১২ ডিসেম্বর' ২০২৩ খ্রি:
২৭ অগ্রহায়ণ' ১৪৩০ বঙ্গাব্দ

বিষয়ঃ- কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ জীবনবীমাকরণের পুনঃ দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ৩৯২ (তিনশত বিরানব্বই) জন কর্মকর্তা/কর্মচারীর গ্রুপ জীবনবীমা করণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদন প্রাপ্ত বীমা কোম্পানীর নিকট হতে নিম্নের বর্ণনা অনুযায়ী নিম্নোক্ত শর্তাধীনে নিজস্ব লেটার হেড প্যাডে দর জানানোর জন্য অনুরোধ করা হল।

দরপত্র নং	ক্রমিক নং	বীমার বিবরণ	বীমাভুক্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা মোট বীমা অংক	একক প্রিমিয়ামের পরিমাণ (প্রতি হাজারে)	মোট প্রিমিয়ামের পরিমাণ
৪২০২-২০২৩/১২	০১	কর্মকর্তা/কর্মচারীর বীমার অংক হবে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর ২৪ মাসের মূল বেতন/সাকুল্য বেতনের সমপরিমাণ অর্থ অথবা সর্বোচ্চ ৫,০০,০০০.০০ টাকা এর মধ্যে যাহা কম। গ্রুপ সাময়িক জীবন বীমা; সর্ব প্রকার মৃত্যু ঝুঁকি বীমা, দুর্ঘটনার কারণে মৃত্যুতে দ্বিগুন ক্ষতিপূরণ বীমা, দুর্ঘটনাজনিত কারণে স্থায়ী/আংশিক অঙ্গহানী বীমা।	৩৯২ জন মোট বীমা অংক ১৯,৪৩,৩৮,৯৬০/- (কথায়- উনিশ কোটি তেঁতাল্লিশ লক্ষ আটত্রিশ হাজার নয়শত ষাট) টাকা।		
			সর্বমোট=		

কথায়ঃ-

শর্তাবলীঃ


- ০১ আগ্রহী দরদাতাগন আগামী ২৪/১২/২০২৩ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে উল্লেখিত “ছক”মোতাবেক সীল মোহরকৃত দরপত্র পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাংক পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা অথবা মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর এর সদর দপ্তর এ রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে হবে। দরপত্র সমূহ ঐ দিনই সকাল ১১:০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২ দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে “মেহেরপুর পবিসের কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ বীমাকরণের দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৩ দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।
- ০৪ দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাঁটাকাঁটি, ঘষাঘষি এবং ফ্লুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫ বীমা চুক্তির মেয়াদ আগামী ০৩ (তিন) বৎসরের জন্য বলবৎ থাকবে। তবে বীমা আইন ও চুক্তি মোতাবেক যথাসময়ে দাবী পরিশোধ করা না হলে অথবা বীমা কোম্পানীর কর্মমান কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হলে ০১ (এক) মাসের পূর্ব নোটিশ দিয়ে চুক্তিপত্র বাতিল সহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা মেহেরপুর পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

- ০৬ গুপ জীবন বীমার গুপ সাময়িক জীবন বীমা (জিটি)অন্তর্ভুক্ত থাকতে হবে।
- ০৭ বীমাকৃত কর্মকর্তা /কর্মচারীকে সার্বক্ষনিক বীমা নিরাপত্তা প্রদান করতে হবে।
- ০৮ দরপত্রে উদ্ধৃত একক ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।
- ০৯ বীমা চুক্তির মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারীকে বীমা ভুক্ত করার সুযোগ থাকতে হবে।
- ১০ সকল কার্য সম্পাদন শেষে বিল ও চালান দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১১ সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে বীমা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১২ দরদাতার উল্লেখিত দর পরিশোধযোগ্য সকল প্রকার শুল্ক/কর বা অন্যান্য অন্তর্ভুক্ত করিয়া উদ্ধৃত হয়েছে বলে গণ্য হবে।
- ১৩ দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বীমা অধিদপ্তরের লাইসেন্স প্রাপ্ত হতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি দরপত্রের সহিত দাখিল করতে হবে।
- ১৪ বীমা চুক্তির মেয়াদকালীন কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুতে কিংবা দুর্ঘটনাজনিত কারণে অজ্ঞহানীতে দুত বীমা দাবি পরিশোধ করতে হবে।
- ১৫ কার্যাদেশ প্রদানের সময় কর্মকর্তা/কর্মচারীর যোগদান/বদলী/অবসরজনিত কারণে সংখ্যা ও টাকার পরিমাণ কম বেশী করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১৬ শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৭ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


 (স্বদেশ কুমার ঘোষ)
 জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ০৩। জেলা প্রশাসক, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
- ০৪। পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
- ০৭। ডিজিএম (কারিগরী-সদর/আলমডাঙ্গা/চুয়াডাঙ্গা/গাংনী) জোনাল অফিস, মেপবিস।
- ০৮। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), মেপবিস।
- ০৯। নোটিশ বোর্ড/ওয়েবসাইট, মেহেরপুর পবিস।
- ১০। অফিস কপি/মাষ্টার কপি।


 (স্বদেশ কুমার ঘোষ)
 জেনারেল ম্যানেজার